DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 12:34 PM

খেলা

# বিশ্বকাপটা এবার আমরাই জিতব: ইয়ামাল

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বুধবার, ০১ জুলাই ২০২৬, ০৮:১৪ PM



লামিন ইয়ামাল। ছবি: সংগৃহীত

চলতি ২০২৬ ফিফা বিশ্বকাপে স্পেনই শিরোপা জিতবে বলে দৃঢ় বিশ্বাস প্রকাশ করেছেন তরুণ তারকা লামিন ইয়ামাল। একই সঙ্গে ফ্রান্সকে টুর্নামেন্টের ফেভারিট হিসেবে মানতে নারাজ বার্সেলোনার এই ফরোয়ার্ড।

স্প্যানিশ গণমাধ্যম এল পারতিদাজো দে কোপে-কে দেওয়া সাক্ষাৎকারে ইয়ামাল বলেন, ফ্রান্স শক্তিশালী দল হলেও তাদের ভয় পাওয়ার কোনো কারণ নেই।

তিনি বলেন, ইউরোর পর থেকে ওরা আমাদের হারাতে পারেনি। তাই ওরা আমাদের চেয়ে ভালো বা সেরা অবস্থানে থাকতে পারে না।

গ্রুপ পর্বের পারফরম্যান্স নকআউট পর্বে কোনো প্রভাব ফেলে না বলেও মন্তব্য করেন তিনি।

ইয়ামালের ভাষায়, গ্রুপ পর্বের হিসাব এখন অর্থহীন। এই ম্যাচে কেউই স্পষ্ট ফেভারিট নয়। অবশ্যই ফ্রান্স দারুণ ফর্মে আছে এবং তাদের দলে অসাধারণ খেলোয়াড় রয়েছে। তবে তারা অন্য সবার চেয়ে এগিয়ে আছে, এমনটা আমি মনে করি না।

বিশ্বকাপ জয়ের সম্ভাবনা নিয়ে প্রশ্ন করা হলে আত্মবিশ্বাসের সঙ্গে তিনি বলেন, আমার মনে হচ্ছে এবার বিশ্বকাপটা আমরাই জিততে যাচ্ছি।

এবারের বিশ্বকাপে স্পেনের শুরুটা হয়েছিল কেপ ভার্দের বিপক্ষে গোলশূন্য ড্র দিয়ে। এরপর সৌদি আরবকে ৪-০ গোলে হারিয়ে ঘুরে দাঁড়ায় তারা। গ্রুপ পর্বের শেষ ম্যাচে উরুগুয়েকে ১-০ গোলে হারিয়ে নকআউটে জায়গা নিশ্চিত করে স্পেন।

শুরুতে পুরোপুরি ফিট না থাকায় প্রথম ম্যাচে বদলি হিসেবে খেলেছিলেন ইয়ামাল। আগামী ৩ জুলাই লস অ্যাঞ্জেলেস স্টেডিয়ামে রাউন্ড অব ৩২-এর ম্যাচে অস্ট্রিয়ার মুখোমুখি হবে স্পেন।

অন্যদিকে, ফ্রান্স সুইডেনকে ৩-০ গোলে হারিয়ে শেষ ষোলো নিশ্চিত করেছে। ওই ম্যাচে জোড়া গোল করে দুর্দান্ত ফর্মের ইঙ্গিত দিয়েছেন দলটির অধিনায়ক কিলিয়ান এমবাপ্পে।

---

## এ বিভাগের আরও খবর




**ফ্রান্সকে হারিয়ে ১৬ বছর পর ফাইনালে স্পেন**
এই ফ্রান্সকে কে থামাবে? গোটা বিশ্বকাপ জুড়ে এই ছিল সবচেয়ে বড় প্রশ্ন। যে দলটা নামলেই নিদেনপক্ষে দুটো গোল করেই দিচ্ছে, সেই দলটাকে হারাবে কে...



**ফ্রান্স-স্পেন সেমিফাইনাল, পরিসংখ্যানে এগিয়ে কারা?**
২০২৬ ফিফা বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে বাংলাদেশ সময় আজ (মঙ্গলবার) দিবাগত রাত ১টায় মুখোমুখি হচ্ছে ইউরোপের দুই শক্তিধর দল ফ্রান্স ও স্পেন। ট...




### জাঁকজমকপূর্ণ আয়োজনে মিশরীয় খেলোয়াড়দের বরণ

২০২৬ ফিফা বিশ্বকাপে নজরকাড়া পারফরম্যান্সের পর এখনও উৎসবের আবহে রয়েছে মিশর। যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় অনুষ্ঠিত আসরে প্রথমবারের মতো নকআ...



### সুপার কম্পিউটারের হিসাবে আর্জেন্টিনার চ্যাম্পিয়ন হওয়ার সম্ভাবনা কেমন

বিশ্বকাপের ট্রফি কার হাতে উঠবে তা দেখার অপেক্ষা আর দুই ম্যাচের। ৪৮ দলের মধ্যে এখন টিকে রয়েছে ৪ দল। সেই চার দল হচ্ছে ফ্রান্স, স্পেন, ইংল্যান্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/sports-football-yamal